দৈনিক বাংলা

তারিখ 28-SEP 1990

# উচ্চ মাধ্যমিকে ভর্তির সময় সীমা বৃদ্ধি

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের সবগুলি কলেজে উচ্চ মাধ্যমিক ক্লাসে ভর্তির সময় সীমা ছয়দিন বাড়ানো হয়েছে। ভর্তির শেষ তারিখ (লেট ফি ছাড়া) আগামী ২০শে অক্টোবর। আগে এই তারিখ ছিল ১৪ই অক্টোবর।

গত ২৫শে সেপ্টেম্বর ঢাকায় অনু-

(৪-এর পৃঃ দ্রঃ)

## উচ্চ মাধ্যমিকে ভর্তির

(প্রথম পৃঃ পর)

ষ্ঠিত আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির এক বৈঠকে ভর্তির সময় সীমা বাড়ানোর সিদ্ধান্ত নেয়া হয়।

পঁচিশ টাকা লেটফিসহ কলেজ সমূহে ভর্তির শেষ তারিখ আগামী ১০ই নবেম্বর। এই সময়সীমা আগের-টাই রয়েছে। বাড়ানো হয়নি।

কলেজে ক্লাস শুরু হবে আগামী ২১শে অক্টোবর। আগেকার সিদ্ধান্ত অনুযায়ী ক্লাশ শুরু হওয়ার কথা ছিল ১৫ই অক্টোবর।

অসুস্থতা, দুর্ঘটনা ইত্যাদি বিশেষ কারণে যে সব ছাত্র ছাত্রী যথাসময়ে কলেজে ভর্তি হতে পারবেন না, তারা শিক্ষা বোর্ডের বিশেষ অনুমতি নিয়ে আগামী ৩১শে ডিসেম্বর পর্যন্ত ভর্তি হতেপারবেন।

ঢাকা শিক্ষা বোর্ডের কন্ট্রোলার জনাব ইউনুস আলী দেওয়ানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সবকটি স্কুলে মার্কশীট পাঠানো হয়েছে। ঢাকার বাইরের স্কুলগুলিতে গত বুধবার এবং ঢাকা মহানগরীর স্কুল সমূহে গতকাল বৃহস্পতিবার মার্কশীট পাঠানো হয়।